গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান
বিএমএসআর সেল
মহাখালী, ঢাকা-১২১২।

ফোনঃ ২২২২৮১৫৫০, ই-মেইলঃ bmsreg.iphn@gmail.com, ওয়েব: http://iphn.dghs.portal.gov.bd

স্মারক নং:আইপিএইচএন/বিএমএসআর-সেল/২০২০/২১১/...২৩২ তারিখঃ ০৭/০২/২০২৩ইং

**মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্যের নিবন্ধনের জন্য ধারণপাত্র মোড়ক সম্পর্কিত নির্দেশনাঃ**

মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহার ব্যবহারের সরঞ্জামাদি (বিপণন নিয়ন্ত্রণ) আইন-২০১৩ এবং বিধিমালা-২০১৭ এর আওতায় যে সকল আবেদনকারী নিবন্ধনের জন্য আবেদন করছেন, তাদের দাখিলকৃত নমুনা ধারনপাত্র/মোড়কে বেশ কিছু ব্যত্যয় পরিলক্ষিত হচ্ছে। এমতাবস্থায়, আইনের উদ্দেশ্যপূরণকল্পে, আবেদনপত্রের সাথে নিম্নোক্ত নির্দেশনা মোতাবেক ধারণপাত্র বা এর সাথে সংযুক্ত মোড়ক (Artwork) এর নমুনা দাখিল করান জন্য নির্দেশ দেয়া গেল।

১. তিনটি নমুনা মোড়ক (Artwork) দাখিল করতে হবে।

২. প্রকৃত আকার ও রঙে দাখিল করতে হবে এবং কাগজে মূল দৃশ্যমান ডিজাইনের আকার উল্লেখ করতে হবে।

৩. দাখিলকৃত মোড়ক (Artwork) এ কোম্পানির লোগো মুদ্রিত থাকলে, সেক্ষেত্রে লোগোর আয়তন/আকার উল্লেখ করতে হবে।

৪. কোম্পানীর মূদ্রিত লোগো বা চিহ্নের আকার পণ্যের নামের আকারের অর্ধেক বা অর্ধেকের চেয়ে কম আকারের হতে হবে।

৫. পণ্যের নামের অব্যবহিত নিম্নে-

**"মায়ের দুধের বিকল্প বা উহার সমকক্ষ কিছুই নাই"**

শীর্ষক বিবৃতি থাকতে হবে; পণ্যের নামের আয়তন ও বিবৃতির আয়তন উল্লেখ করতে হবে এবং এই দুইটির আয়তন সমান হতে হবে।

৬. আবেদনকৃত পণ্যটি মাতৃদুগ্ধ বিকল্প বা শিশুখাদ্য হলে-

**"মাতৃদুগ্ধ বিকল্প, শিশুখাদ্য-শিশুর পুষ্টির মূল উৎস নহে"**

মর্মে সতর্কবানী সুস্পষ্ট, সহজে দৃশ্যমান, পাঠযোগ্য, বোধগম্য ও উজ্জ্বল রঙের লেখায় মুদ্রিত থাকতে হবে।

৭. আবেদনকৃত পণ্যটি বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য হলে-

**"বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য-শিশু পুষ্টির মূল উৎস নহে"**

মর্মে সতর্কবানী সুস্পষ্ট, সহজে দৃশ্যমান, পাঠযোগ্য, বোধগম্য ও উজ্জ্বল রঙের লেখায় মুদ্রিত থাকতে হবে।

৮. প্রস্তুত প্রণালীর উপযুক্ত পদ্ধতির উল্লেখ করতে হবে এবং এতদনিম্নে

**"শিশু স্বাস্থ্য ঝুঁকি হ্রাসকরণের উদ্দেশ্যে- "PATHOGENIC MICRO ORGANISM" মাতৃদুগ্ধ বিকল্প গুঁড়া বা প্রক্রিয়াজাত দুধে (Powdered Infant Formula) থাকতে পারে বলে তা উপযুক্ত পদ্ধতিতে প্রস্তুত করতে হবে"**

-শীর্ষক বিবৃতি সুস্পষ্ট, সহজে দৃশ্যমান, পাঠযোগ্য, বোধগম্য ও উজ্জ্বল রঙের লেখায় মুদ্রিত থাকতে হবে।

৯. শিশুকে খাওয়ানোর ক্ষেত্রে অনুসরনীয় নির্দেশাবলী উল্লেখ করতে হবে এবং

**"নির্দেশাবলী অনুসরন না করার কারনে স্বাস্থ্য হানি হতে পারে"**

মর্মে সতর্কবাণী সুস্পষ্ট, সহজে দৃশ্যমান, পাঠযোগ্য, বোধগম্য ও উজ্জ্বল রঙের লেখায় মুদ্রিত থাকতে হবে।

১০. সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী এবং ধারণপাত্রের ভিত্তিতে ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা থাকতে হবে।

১১. পণ্যে ব্যবহৃত উপাদান সমূহ ও উপাদান সমূহের বিশ্লেষন মুদ্রিত থাকতে হবে।

১২. দাখিলকৃত ল্যাবরেটরী টেষ্ট রিপোর্ট বা বিশ্লেষন রিপোর্টে উল্লেখ নেই এমন কোন পুষ্টি উপাদান উল্লেখ করা যাবে না।

১৩. ব্যাচ নম্বর, নিবন্ধন নম্বর (আইপিএইচএন রেজি: নং) এবং প্রস্তুতের তারিখ ও মেয়াদ উত্তীর্ণের তারিখ মুদ্রিত থাকতে হবে।

১৪. ধারণপাত্র বা এর সাথে সংযুক্ত মোড়কে শিশু, শিশুর মা, উভয়ের বা অন্য কোনরূপ ছবি দেয়া যাবে না।

১৫. ধারণপাত্র বা এর সাথে সংযুক্ত মোড়কে সহজে চেনার জন্য কোন চিত্রলেখ বা কার্টুনচিত্র দেয়া যাবে না।

১৬. শিশুর জন্য উপযুক্ত বা ব্যবহার যোগ্য বা অনুরূপ কোন শব্দ বা বাক্য মুদ্রণ করা যাবে না।

১৭. এই পণ্য চিকিৎসক কর্তৃক অনুমোদিত, পরামর্শকৃত বা নির্দেশিত বা অনুরূপ কোন অভিব্যক্তি বা বিবৃতি ধারণপাত্র বা এর সাথে সংযুক্ত মোড়কে মুদ্রণ করা যাবে না।

১৮. এই পণ্য "সম্পূর্ণ আমিষ খাদ্য" বা "শক্তিদায়ক খাদ্য" বা সম্পূর্ণ খাদ্য" বা "স্বাস্থ্যকর খাদ্য" বা অনুরূপ অন্য কোন অভিব্যক্তি বা বিবৃতি ধারণপাত্র বা এর সাথে সংযুক্ত মোড়কে মুদ্রণ করা যাবে না।

১৯. উল্লিখিত শর্তাবলীর পাশাপাশি ধারণপাত্র, মোড়ক ও খাদ্যের নিরাপদতা সংক্রান্ত অন্যান্য প্রযোজ্য আইন ও বিধানাবলী ক্ষুন্ন করা যাবে না, ক্ষুন্ন হইলে আবেদনকারী দায়ী থাকবেন।

২০. ধারণপাত্র বা এর সাথে সংযুক্ত মোড়কের (Artwork) সামগ্রিক উপস্থাপন বা ডিজাইন এমন হবে যা আইনের উদ্দেশ্যে বাস্তবায়নের সাথে সংঘাত সৃষ্টি করবে না।

আইন ও তদাধীন বিধিমালার যথাযথ অনুসরন সহজ করার লক্ষ্যে উপর্যুক্ত নির্দেশনা প্রদান করা হলো। নির্দেশনাসমূহ অবিলম্বে কার্যকর হবে।

6/2/23

(অধ্যাপক ডা. শাহ গোলাম নবী)
পরিচালক
জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান
মহাখালী, ঢাকা-১২১২।
(ফোন: ২২২২৮১৫৫০)

স্মারক নং:আইপিএইচএন/বিএমএসআর-সেল/২০২০/২১১/১৬২ তারিখঃ ০৭/০২/২০২৩ইং

বিতরণ (সদয় অবগতির জন্য) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ ও চেয়ারপারসন, আইন সংক্রান্ত জাতীয় উপদেষ্টা কমিটি (দৃ: আ: সচিব মহোদয়ের একান্ত সচিব);
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক (সমন্বয়);
৩। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
৫। লাইন ডাইরেক্টর, জাতীয় পুষ্টিসেবা, মহাখালী, ঢাকা;
৬। উপসচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭। অফিস নথি।

বিতরণ (কার্যার্থে):-

১। ওয়েব পোর্টাল;
২। বিএমএসআর কমিটির সকল সদস্য;
৩। মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য ও বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্যের নিবন্ধনের জন্য আবেদনকারী (সকল);

06.02.23

ডা. জয়াশীষ রায়
অ্যাপ্লাইড নিউট্রিশনিষ্ট
(সহকারী পরিচালক)
জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান
মহাখালী, ঢাকা-১২১২।